

# সামাজিক ও রাজনৈতিক জীবন

সরকার

(প্রথম ভাগ)

১) সরকার কি?

✓ সরকার হলো কোনো দেশের সর্বোচ্চ সংস্থা ও কর্তৃপক্ষ যার মাধ্যমে দেশটির শাসন কার্য পরিচালিত হয়।

২) সরকারকে কয়টি স্তরে ভাগ করা যায় ও কি কি?

✓ সরকারকে তিনটি স্তরে ভাগ করা যায় যথা ক) আঞ্চলিক ও স্থানীয়স্তর খ) প্রাদেশিক ও রাজ্যস্তর ও গ) জাতীয় স্তর।

৩) স্থানীয় স্তরের সরকার কি?

✓ স্থানীয় স্তরে সরকার বলতে গ্রাম ও শহর এলাকার মত স্থানীয়স্তরে শাসনকার্য পরিচালনা করার জন্য যে সরকার গঠিত হয় তাই হলো স্থানীয় সরকার। উদাহরন – গ্রাম্যস্তরে পঞ্চায়েত সরকার ও নগরে পৌরসভা ও পৌরনিগম।

৪) সংবিধানের কত তম সংশোধনের মাধ্যমে গ্রাম্যস্তরে প্রতিষ্ঠিত পঞ্চায়েত সাংবিধানিক স্বীকৃতি লাভ করে?

✓ ৭৩ তম সংবিধান সংশোধনের মাধ্যমে

৫) সংবিধানের কত তম সংশোধনের মাধ্যমে নগরে প্রতিষ্ঠিত পৌরসভা ও পৌরনিগম সাংবিধানিক স্বীকৃতি লাভ করে?

✓ ৭৪ তম সংবিধান সংশোধনের মাধ্যমে

৬) সংবিধানের কোন অংশে পঞ্চায়েত ও নগরকেন্দ্রিক সরকারের কথা বলা হয়েছে?

✓ সংবিধানের ৯ তম অংশে

৭) সংবিধানের কত ধারায় গ্রাম্যস্তরে পঞ্চায়েত ও তার বিভিন্ন কাজ সমন্ধে উল্লেখ আছে?

✓ ধারা ২৪৩ (A থেকে O)

৮) সংবিধানের কত ধারায় নগরস্তরে পৌরসভা ও পৌরনিগম ও তার বিভিন্ন কার্য সম্পর্কে উল্লেখ আছে?

✓ ধারা ২৪৩ (p থেকে ZG)

৯) তফসিলি কততম অংশে পঞ্চায়েতের উল্লেখ আছে?

✓ ১১ তম তফসিলি অংশে

১০) তফসিলি কততম অংশে নগরকেন্দ্রিক সরকারের কথা উল্লেখ আছে?

✓ ১২ তম তফসিলি অংশে

১১) সরকারের কয়টি বিভাগ ও কি কি?

✓ সরকারের তিনটি বিভাগ যথা ক) শাসনবিভাগ খ)  
আইনবিভাগ ও গ) বিচারবিভাগ

১২) ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কি?

✓ ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি হলো সরকারের তিনটি বিভাগ  
– আইন বিভাগ, শাসন বিভাগ ও বিচার বিভাগ যখন  
স্বাধীনভাবে তাদের নিজস্ব ক্ষমতা প্রয়োগ করতে পারে

১৩) ক্ষমতা স্বতন্ত্রীকরণনীতির পক্ষে এমন কয়েকজন  
বিশিষ্টজনের নাম উল্লেখ করো?

✓ মন্টেস্কো, ব্ল্যাকস্টোন, বোদা এবং ম্যাডিসন

১৪) ক্ষমতা স্বতন্ত্রীকরণনীতির বিপক্ষে এমন কয়েকজন সমালোচকের নাম উল্লেখ কর?

✓ স্যাবাইন, লিপসন, গিলক্রিস্ট এবং ল্যান্ডি

১৫) বর্তমানে কোন কোন দেশে স্বতন্ত্রীকরণনীতির প্রয়োগ দেখা যায়?

✓ ব্রাজিল, মার্কিন যুক্তরাষ্ট্র, আর্জেন্টিনা ও মেক্সিকো

১৬) কোন কোন রাষ্ট্রে এখনো স্বতন্ত্রীকরণনীতি গৃহীত হয়নি?

✓ ভারত এবং ব্রিটেন

১৭) কোন মতবাদে বিশ্বাসীরা সরকারকে একটি জীবদেহের সঙ্গে তুলনা করেন?

✓ জৈব মতবাদে বিশ্বাসীরা

১৮) নীতি নির্ধারণে সরকারকে কে সহায়তা করেন?

✓ আমলাগণ

১৯) স্বতন্ত্রীকরণনীতির মুখ্য প্রবক্তা কে?

✓ মন্টেস্কু

২০) Modern Politics and Government গ্রন্থটি  
কর লেখা?

✓ অ্যালান বলের

# সমাপ্ত

## ধন্যবাদ

